

কর্ম থেকে অনুগ্রহ

কর্ম থেকে অনুগ্রহ হিন্দু এবং খ্রীষ্টিয় বিশ্বাসীদের মধ্যে সংলাপ তুলে ধরার জন্য পরিকল্পিত এক ওয়েব সাইট। কর্ম থেকে অনুগ্রহের সরাসরি লক্ষ্য হচ্ছে খ্রীষ্টিয় বিশ্বাসের এবং হিন্দু ধর্মের ধারণাগুলি এবং তাদের মধ্যে যে পার্থক্য ও মতভেদ আছে তা উপস্থাপিত করা। আমাদের ইচ্ছা এই সব ধারণাগুলিকে নির্ভুল ও সুন্দর ভাবে উপস্থাপিত করা। আমরা চাই হিন্দু ধর্ম এবং খ্রীষ্টিয় বিশ্বাসের যে মূল ধারণাগুলি আছে তাহা ব্যাখ্যা করা ও বোধগম্য হওয়া। এখানে যাহা কিছু তুলে ধরা হয়েছে তাহার উপরে আপনার হয়তো মতাবিরোধ থাকতে পারে কিন্তু আমরা আশা করি যে হিন্দু ধর্ম এবং খ্রীষ্টিয় বিশ্বাসের যে শিক্ষাগুলি আছে সেইগুলির বিষয় আপনারা আরো ভাল করে বুঝতে পারবেন। এখানে কিছু কিছু ক্ষেত্রে এই ধারণাগুলির মধ্যে আপনারা যেমন সম শিক্ষা খুঁজে পাবেন, তেমন অন্যান্য ক্ষেত্রে গভীর পার্থক্যও খুঁজে পাবেন। আমরা আশা করি যে এই ধারণাগুলি নিজস্ব যে অর্থ প্রকাশ করে সেইগুলিকে উপস্থাপিত করার আমাদের এই প্রচেষ্টাকে আপনারা শ্রদ্ধা করবেন।

এই ওয়েব সাইটের কতকগুলি দৃশ্য রূপ আছে। প্রথম দৃশ্যে তুলে ধরা হয়েছে সংলাপের লক্ষ্য এবং যথাযত ব্যাখ্যা, “ বিষয় বস্তু “ বিভাগে ও অধিকাংশ বিভাগ গুলিতে। ‘ জীবন কাহিনী ‘ বিভাগে সেই সকল ব্যক্তিদের যারা কর্ম থেকে অনুগ্রহতে এসেছেন তাদের সত্য জীবন কাহিনীগুলি সংগ্রহিত হয়েছে।

এই ওয়েব সাইট ঐ সমস্ত খ্রীষ্টিয় বিশ্বাসীদের দ্বারা বজায় রাখা হয়েছে যারা হিন্দুদের বন্ধু।

যদি আপনি খ্রীষ্টিয় ভাই বা বোন হয়ে থাকেন তাহলে আশা করি এই ধারণাগুলি আপনাকে যীশুর যে শিক্ষাগুলি আছে সে বিষয় পরিষ্কার ভাবে জানতে সাহায্য করবে এবং হিন্দু ধর্মের যে মূল বিষয় আছে তা শক্ত ভাবে গ্রহণ করতে সাহায্য করবে। আর যদি আপনি হিন্দু হয়ে থাকেন তাহলে আশা করি যে এই ধারণাগুলি আপনাকে হিন্দু ধর্মের বিষয় পরিষ্কার ভাবে জানতে সাহায্য করবে, এবং যীশু খ্রীষ্টের যে মূল শিক্ষাগুলি আছে তা দৃঢ় ভাবে গ্রহণ করতে সাহায্য করবে।
আমরা আশা করি যে সত্য সব সময় নিজে থেকে প্রকাশ করবে।

উদ্ধৃত অংশ

আপনি কখনোই জানেন না যে আপনি একটা জিনিসের উপর কতটা বিশ্বাস রাখেন যতক্ষণ না ঐ জিনিসটার সত্য ও মিথ্যা আপনার জীবনের ও মৃত্যুর একটা বিষয় হয়ে ওঠে। আপনার কাছে এটা বলা সহজ যে, একটা দড়ি খুব শক্ত যদি আপনি ঐ দড়িটা শুধুমাত্র একটি বাস্তব বাধার জন্য ব্যবহার করেন। কিন্তু ধরুন একটি উঁচু পর্বতগাত্রের উপর যদি ঐ দড়িতে আপনাকে ঝুলিয়ে রাখা হয়, তাহলে আপনি প্রথমেই কি নির্ণয় করবেন না, যে আপনি সত্যি কতটা ঐ দড়িটির উপর নির্ভর করেন?
কেবলমাত্র এক বাস্তব ঝুঁকিই একটি বিশ্বাসের বাস্তবিকতাকে পরীক্ষা করতে পারে। (কার্ল লিউইস)